

উপজেলা সমাজকল্যাণ পরিষদ ও তার কার্যাবলী

(৪) জেলা সমাজকল্যাণ পরিষদের মত উপজেলা পর্যায়েও নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে উপজেলা সমাজকল্যাণ পরিষদ রয়েছেঃ

(১)	উপজেলা নির্বাহী অফিসর-	সভাপতি
(২)	উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা-	সদস্য
(৩)	উপজেলা শিক্ষা কর্মকর্তা-	সদস্য
(৪)	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)-	সদস্য
(৫)	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-	সদস্য
(৬)	উপজেলা পরিবার পরিকল্পনা-	সদস্য
(৭)	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-	সদস্য
(৮)	উপজেলা সমবায় কর্মকর্তা-	সদস্য
(৯)	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-	সদস্য
(১০)	চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)-	সদস্য
(১১)	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ২জন প্রখ্যাত সমাজকর্মী-	সদস্য
(১২)	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ১জন মহিলা সমাজকর্মী-	সদস্য
(১৩)	উপজেলা সমাজসেবা কর্মকর্তা-	সদস্য-

সচিব

\* উপজেলা সমাজকল্যাণ পরিষদ প্রতি মাসে একবার সভায় মিলিত হবে।

উপজেলা সমাজকল্যাণ পরিষদের কার্যাবলী :

(ক) সংশ্লিষ্ট উপজেলার বিভিন্ন সামাজিক সমস্যাদি চিহ্নিতকরণ এবং ঐ সব সমস্যা সমাধানের সুপারিশ প্রণয়ন;

(খ) সমাজসেবা অধিদফতর কর্তৃক নিবন্ধীকৃত সকল সমিতি/সংস্থার কার্যক্রম পর্যবেক্ষণ, পর্যালোচনা, তাদের কর্মকাণ্ডে উৎসাহ প্রদান এবং সেগুলোকে শক্তিশালী করার পদক্ষেপ গ্রহণ;

(গ) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক বিভিন্ন সংস্থা/সমিতিতে প্রদত্ত অনুদান যথাযথভাবে ব্যবহৃত হওয়ার বিষয়ে পর্যালোচনা ;

(ঘ) উপজেলা সমাজকল্যাণ পরিষদের কার্যক্রম জোরদার করার বাস্তব পদক্ষেপ গ্রহণ করা এবং কার্যক্রম

সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন জেলা সমাজকল্যাণ পরিষদে প্রেরণ;

(ঙ) আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে স্ব-উদ্যোগে স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন ;

(চ) উপযুক্ত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে সরকারী অনুদান প্রদানের জন্য জেলা সমাজকল্যাণ পরিষদের নিকট সুপারিশ পেশ ;

(ছ) সরকারী এবং অসরকারী পর্যায়ে উপজেলার সমাজকল্যাণমূলক কার্যক্রমের উপর ষাণ্মাসিক ভিত্তিতে প্রতিবেদন

প্রণয়ন এবং প্রতি বছরের ১৫ জুলাই ও ১৫ জানুয়ারীর মধ্যে জেলা সমাজকল্যাণ পরিষদে প্রেরণ ;

(জ) সমাজকল্যাণ কার্যক্রমে উৎসাহী ও স্বেচ্ছায় দানশীল ব্যক্তিবর্গের নিকট হতে উপযুক্ত রশিদ প্রদান ও যথাযথ

হিসাবরক্ষণ সাপেক্ষে অনুদান গ্রহণ ;

(ঝ) উপজেলা সমাজকল্যাণ পরিষদের বাজেট প্রণয়ন ও অনুমোদন এবং

(ঞ) সরকার ও বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।